

# যুগান্তর

প্রিন্ট: ০৫ এপ্রিল ২০২৬, ০৯:৫৭ পিএম

শিক্ষাঙ্গন

## মিরপুরে শিক্ষাপ্রতিষ্ঠানের গ্রন্থাগারে ‘জনতার জিয়া’ বই প্রদান

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৪ এপ্রিল ২০২৬, ১০:১৬ পিএম



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরের দারুসসালাম থানাধীন হজরত শাহ আলী মডেল হাই স্কুলের গ্রন্থাগারে জনপ্রিয় লেখক ও কন্টেন্ট ক্রিয়েটর মাহবুব নাহিদের লেখা ‘জনতার জিয়া’ বই প্রদান করা হয়েছে।

শনিবার স্কুল প্রাঙ্গণে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে বইটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।

স্কুলের পক্ষ থেকে বইটি গ্রহণ করেন প্রধান শিক্ষিকা মোছা. জোবাইদা খাতুন। মাহবুব নাহিদের পক্ষ থেকে বই হস্তান্তর করেন ফাহিম মুস্তাছির এবং গোলাম সারওয়ার।

এ সময় উপস্থিত ছিলেন- দারুসসালাম থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আক্তার হোসেন মামুন, যুগ্ম আহ্বায়ক গোলাম সারোয়ার জিহাদ, দারুসসালাম থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফ হাসান ভূঁইয়া জিহাদ এবং সাবেক প্রচার সম্পাদক আহসান উল হক রাতুলসহ অন্যান্য নেতারা।

অনুষ্ঠানে প্রধান শিক্ষিকা মোছা. জোবাইদা খাতুন ‘জনতার জিয়া’ বইটি স্কুলের কেন্দ্রীয় গ্রন্থাগারে সংরক্ষণ করেন। তিনি আশা প্রকাশ করেন, এ বইয়ের মাধ্যমে শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে।

উদ্যোক্তারা জানান, ‘জনতার জিয়া’ বইটি পর্যায়ক্রমে দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে সংরক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে, যাতে নতুন প্রজন্ম ইতিহাস সম্পর্কে সচেতন হতে পারে।